কুমিল্লা বিভাগের দাবি বাস্তবায়নের আশ্বাস প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

কুমিল্লা বিভাগ গঠনের দাবি বাস্তবায়ন হবে বলে আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, সরকার ক্ষমতায় আসার পর একে একে নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ এগিয়ে নিচ্ছে।

শনিবার (১৬ মে) দুপুরে কুমিল্লার বরুড়া উপজেলার লক্ষ্মীপুর এলাকায় এক পথসভায় তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বিএনপি জনগণের দল এবং জনগণের কল্যাণেই কাজ করছে। নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী ইতোমধ্যে প্রায় ১২ লাখ কৃষকের কৃষিঋণ মওকুফ করা হয়েছে, ফলে তারা ঋণমুক্ত হয়েছেন।

কৃষি খাতের গুরুত্ব তুলে ধরে তিনি জানান, কুমিল্লা অঞ্চলের কৃষিপণ্যের বড় ভূমিকা রয়েছে। এলাকাবাসীর দাবির পরিপ্রেক্ষিতে একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে দ্রুত উদ্যোগ নেওয়া হবে।

বিগত সরকারের সমালোচনা করে তিনি বলেন, দীর্ঘ সময়ের অনিয়ম, দমন-পীড়ন, গুম-খুন ও অর্থপাচারের কারণে দেশ অর্থনৈতিক চাপে পড়েছে। এ পরিস্থিতি থেকে উত্তরণে ধৈর্য ধরার আহ্বান জানান তিনি। শেষে দেশের উন্নয়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

সভায় সভাপতিত্ব করেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের সুমন। আরও বক্তব্য দেন কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী হাজী আমিন উর রশিদ ইয়াছিন, কুমিল্লার বিভিন্ন আসনের সংসদ সদস্য ও স্থানীয় বিএনপি নেতারা।